

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৮ (অংশ-১)/ ১৮৫(অ-৬) তারিখ: ১৭/০৮/২০২১ খ্রি:।


বিষয়: শুল্ক ফাঁকি ও অনিয়ম মামলা তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে সরকার কর্তৃক শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে শুল্ক কর মুক্তভাবে কাঁচামাল আমদানির সুযোগ প্রদান করা হয়েছে। কতিপয় প্রতিষ্ঠান উক্ত সুবিধার অপব্যবহার করে থাকে। বর্ণিতাবস্থায়, এ জাতীয় অপব্যবহার রোধকল্পে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হল:

- (ক) বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক ১ (এক) কোটি বা তদুর্ধ্ব টাকা ও শুল্ক কর ফাঁকির মামলা প্রতিষ্ঠিত হলে বিষয়টি মানি লন্ডারিং (Money Laundering) সংশ্লিষ্ট কিনা তা খতিয়ে দেখতে হবে। সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনবোধে অধিকতর তদন্তের জন্য বিষয়টি কাস্টমস ইন্টেলিজেন্স এ প্রেরণ করবেন।
- (খ) উক্ত শুল্ক ফাঁকি মামলা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সত্বাধিকারী/মালিক/শেয়ার হোল্ডারগণের আয়কর ফাঁকি রয়েছে কিনা তা তদন্তের জন্য সিআইসি সেল (CIC) এ প্রেরণ করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,


১৭/৮/২১
(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

১-২। কমিশনার

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩-৮। কমিশনার


কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা।

৯। কমিশনার, কাস্টম হাউস মোংলা, খুলনা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৮(অংশ-১)/ ১৮৫(অ-৩) তারিখ: ১৭/০৮/২০২১ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, সিআইসি সেল (CIC), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। পি এ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫-৬। অফিস কপি/গার্ড কপি।


১৭/৮/২১
(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com